ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৮১৩
আগরতলা, ১০ সেপ্টেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ১০ আগস্ট, ২০২৫ তারিখে আজকের ফরিয়াদ পত্রিকায় 'আমলিঘাট মনুঘাট সড়ক সংস্কারে অনিয়মের অভিযোগ' শিরোনামে প্রকাশিত সংবাদটি পূর্ত দপ্তরের নজরে এসেছে। এবিষয়ে দপ্তর থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে যে, প্রকাশিত সংবাদে আমলিঘাট থেকে মনুঘাট (রাজ্য মহাসড়ক) ১৪.৫ কিমি থেকে ১৬.৩ কিমি পর্যন্ত রাস্তার পর্যায়ক্রমিক মেরামত কাজটি সম্পাদন না করেই সরকারি অর্থের অপব্যবহারের বিষয়ে যা উল্লেখ করা হয়েছে তা সত্য নয়। ২০২৪ সালের ১৯ আগস্ট থেকে ২৩ আগস্ট পর্যন্ত ঘটিত ভয়াবহ বন্যার ফলে উক্ত সড়কের পার্শ্ব ক্ষয়, ভূমিধ্বস ও গর্ত সৃষ্টির কারণে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। উক্ত সড়ক পুনঃনির্মাণের লক্ষ্যে পূর্ত (সড়ক ও সেতু), সাব্রুম বিভাগ কর্তৃক ২০২৫ সালের জানুয়ারি মাসে 'আমলিঘাট হইতে মেরুপাড়া পর্যন্ত রাস্তার পর্যায়ক্রমিক মেরামত' কার্য গ্রহণ করা হয়।

প্রযোজ্য নিয়মাবলী অনুসারে সকল নির্ধারিত প্রক্রিয়া সম্পূর্ণরূপে মেনে পরিকল্পিত ব্যয়ের তুলনায় ১ শতাংশ কম মূল্যে মোট ১,৪৩,৭৭,৬৫৬.০০ টাকা মূল্যের চুক্তি অনুসারে ঠিকেদার সুপ্রতীম নাগ (মহুরীপুর, বিলোনীয়া, দক্ষিণ ত্রিপুরা)কে কাজ দেওয়া হয়। সাইট রেকর্ড ও পরিমাপ খাতার ভিত্তিতে এ পর্যন্ত প্রায় ১৫ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। যা অনুমোদিত বৈশিষ্ট্য অনুযায়ী সম্পাদিত। তথাপি, গত কয়েক সপ্তাহের টানা ও অবিরাম বর্ষণের কারণে উক্ত কাজ অসম্পূর্ণ অবস্থায় রয়েছে। এই বিষয়ে আরও জানানো যাচ্ছে যে, ঠিকাদার কর্তৃক কোনো বিল দাখিল করা হয়নি এবং এই অফিস থেকে উক্ত কাজের জন্য কোনো অর্থ প্রদানও সম্পন্ন হয়নি। সুতরাং প্রকাশিত সংবাদ সম্পূর্ণ মিথ্যা এবং ভিত্তিহীন। পূর্ত (সড়ক ও সেতু) বিভাগ অবকাঠামোর উচ্চমান সংরক্ষণ ও কার্যক্রমে পূর্ণ স্বচ্ছতা বজায় রাখার জন্য অঙ্গীকারবদ্ধ।

******